গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
গোলাপগঞ্জ, সিলেট
www.golapganj.sylhet.gov.bd

## উপজেলা নৈতিকতা কমিটির ৩য় ত্রৈমাসিক সভার কার্যবিবরণি

সভাপতি : জনাব মৌসুমী মান্নান, উপজেলা নির্বাহী অফিসার, গোলাপগঞ্জ, সিলেট

সভার তারিখ : ২৭ সেপ্টেম্বর ২০২৩

সভার সময় : সকাল ১২.০০ ঘটিকা

সভায় উপস্থিতির স্বাক্ষর পরিশিষ্ট 'ক' তে দেখানো হলো :

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। সভাপতি বিগত সভার কার্যবিবরণি পাঠ করে শুনান। কার্যবিবরণীতে কোনো সংশোধনী না থাকায় সর্বসম্মতিক্রমে তা দৃঢ় করা হয়।

| ক্রমিক | আলোচনা | গৃহীত সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|
| ০১. | **চিটিজেন চার্টার :** সভাপতি উপস্থিত বিভিন্ন সম্মানিত সদস্যবৃন্দ উপজেলার সকল দপ্তর প্রদান এবং ইউনিয়ন পরিষদের চেয়ারম্যানকে নিজ নিজ কার্যালয়ে চিটিজেন চার্টার ঝাঁটানো এবং জনসেবা সম্পর্কে জনগনকে অবহিত করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধ করেন। | চিটিজেন চার্টার ঝাঁটানোর মাধ্যমে উপজেলা এবং ইউনিয়ন পরিষদ জনগণকে সেবা সম্পর্কে অবহিত করার সিদ্ধান্ত গৃহিত হয়। | সকল দপ্তর প্রধান ও সকল ইউপি চেয়ারম্যান গোলাপগঞ্জ উপজেলা |
| ০২. | **ওয়েব পোর্টালে সেবা আপলেরাডকরণ :** সভাপতি জানান, উপজেলা এবং ইউনিয়ন পরিষদের সেবার মান উন্নিতকরণের সুবিধার্থে সকল কার্যক্রম ওয়েব পোর্টালে আপলোড করলে জনগণ তাদের সেবা সম্পর্কে অনলাইনে সহজে অবহিত হতে পারবে। তাই তিনি সকলকে নিজ নিজ দপ্তরের কার্যক্রম ওয়েব পোর্টালে আপলোড করার অনুরোধ করেন। | প্রতিটি দপ্তরকে নিয়মিত সভা করে বিভাগীয় কার্যক্রম নিজ নিজ ওয়েব পোর্টালে আপলোড করার সিদ্ধান্ত গৃহিত হয়। | সকল দপ্তর প্রধান গোলাপগঞ্জ উপজেলা |
| ০৩. | **ক্রয় পরিকল্পনা :** সভাপতি জানান, উপজেলা পরিষদের ক্রয় পরিকল্পনা সংক্রান্ত সেবার মান বৃদ্ধি এবং স্বচ্ছ করার স্বার্থে উপজেলা প্রকৌশলী কর্তৃক ই-টেন্ডার, পত্রিকার বিজ্ঞপ্তি এবং কাজের পরিধি জনগণকে সহজে অবহিতকরণের স্বার্থে ওয়েব সাইটে প্রকাশের অনুরোধ করেন। | উপজেলা পরিষদের ক্রয় পরিকল্পনা সংক্রান্ত সেবার মান বৃদ্ধি এবং স্বচ্ছ করার স্বার্থে উপজেলা প্রকৌশলী কর্তৃক ই-টেন্ডার, পত্রিকার বিজ্ঞপ্তি এবং কাজের পরিধি জনগণকে সহজে অবহিতকরণের স্বার্থে ওয়েব সাইটে প্রকাশের সিদ্ধান্ত গৃহিত হয়। | উপজেলা প্রকৌশলী, গোলাপগঞ্জ, সিলেট |
| ০৪. | **হেল্প ডেস্ক:** সভাপতি সভায় উপস্থিত সকল দপ্তর প্রধানগণের উদ্দেশ্যে বলেন, যেসকল দপ্তরে এখনো হেল্পডেস্ক স্থাপন করা হয়নি সে সকল দপ্তরে হেল্প ডেস্ক স্থাপন করে জনগনকে সেবা প্রদান অব্যাহত রাখার আহবান জানান। | দপ্তর প্রধানগণ হেল্প ডেস্ক চালু রাখবেন এবং নিয়মিত তদারকি করবেন। | সকল দপ্তর প্রধান, গোলাপগঞ্জ উপজেলা |
| ০৫. | **বিবিধ:** সভাপতি সভায় উপস্থিত সদস্যবৃন্দকে বলেন, বিভিন্ন দপ্তরের প্রধানগণ, ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান ও গণ্যমান্য ব্যক্তিগণ বিভিন্ন আলোচনা সভা, সেমিনারে অংশগ্রহণ করেন। এসব আলোচনা সভা, সেমিনারে এবং বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানে 'জাতীয় শুদ্ধাচার কৌশল বাস্তবায়ন' প্রসঙ্গে আলোচনা করলে এ বিষয়ে সাধারণ মানুষ যেমন অবহিত হবেন তেমনি তাদের মধ্যে সচেতনতা বৃদ্ধি পাবে। এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়। | উপজেলা নৈতিকতা কমিটির সকল সদস্যগণ বিভিন্ন আলোচনা সভা, সেমিনারে 'জাতীয় শুদ্ধাচার কৌশল বাস্তবায়ন' বিষয়ে আলোচনা করবেন এবং শিক্ষা প্রতিষ্ঠান প্রধানগণ নিজ নিজ বিদ্যালয়ে 'জাতীয় শুদ্ধাচার কৌশল বাস্তবায়ন' শীর্ষক কর্মসূচি গ্রহণ করবেন। | সকল সদস্য, উপজেলা নৈতিকতা কমিটি |

সভাপতি গোলাপগঞ্জ উপজেলায় 'জাতীয় শুদ্ধাচার কৌশল বাস্তবায়ন' করতে সকলের প্রতি সার্বিক সহযোগিতা কামনা করেন।

অত:পর সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

মৌসুমী মান্নান
উপজেলা নির্বাহী অফিসার
গোলাপগঞ্জ, সিলেট

স্মারক নং- ০৫.৪৬.৯১৩৮.০০০.১৫.০০১.২২.১১৪৫ তারিখ : ২৭/০৯/২০২৩ খ্রি.

<u>বিতরণ: সদয় অবগতি ও কার্যার্থে:</u>

০১। জেলা প্রশাসক, সিলেট।

০২। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, গোলাপগঞ্জ, সিলেট।

০৩। ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, গোলাপগঞ্জ, সিলেট।

০৪। মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, গোলাপগঞ্জ, সিলেট।

০৫। সহকারী কমিশনার (ভূমি), গোলাপগঞ্জ, সিলেট।

০৬। চেয়ারম্যান, ০৪ নং লক্ষীপাশা/১০ নং উত্তর বাদেপাশা/১১ নং শরীফগঞ্জ ইউনিয়ন পরিষদ , গোলাপগঞ্জ, সিলেট।

০৭। উপজেলা ........................................................ কর্মকর্তা, গোলাপগঞ্জ, সিলেট।

০৮। অফিসার ইনচার্জ, গোলাপগঞ্জ মডেল থানা, সিলেট।

০৯। অধ্যক্ষ, ঢাকাদক্ষিণ সরকারি ডিগ্রি কলেজ।

১০। সহকারী প্রকৌশলী, স্থানীয় সরকার প্রকৌশল বিভাগ, গোলাপগঞ্জ, সিলেট।

১১। সহকারী প্রোগ্রামার, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, গোলাপগঞ্জ, সিলেট (ওয়েব সাইটে আপলোড করার জন্য অনুরোধ করা হলো)।

১২। সভাপতি, গোলাপগঞ্জ প্রেসক্লাব।

১৩ । জনাব........................................................................., গোলাপগঞ্জ, সিলেট।

১৪। অফিস কপি।

উপজেলা নির্বাহী অফিসার
গোলাপগঞ্জ, সিলেট